# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ (বোন বা কন্যাদের সাথে) কতদিন সদাচারণ করলে এই সাওয়াব পাওয়া যাবে

## ذِكْرُ الْمُدَّةِ الَّتِي بِصُحْبَتِهِ إِيَّاهُنَّ يُعْطَى هَذَا الْأَجْرَ لَهُ بِهَا

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا الْمُقَدَّمِيُّ وَإِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ الْعَلَّافُ قَالَا: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ ثَابِتٍ: عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم: (من عال ابنتين أَوْ ثَلَاثًا أَوْ أُخْتَيْنِ أَوْ ثَلَاثًا حَتَّى يَبِنَّ أَوْ يَمُوتَ عَنْهُنَّ كُنْتُ أَنَا وَهُوَ فِي الْجَنَّةِ كَهَاتَيْنِ ـ وَأَشَارَ بِأُصْبَعِهِ الْوُسْطَى وَالَّتِي تَلِيهَا ـ)
وَالْحَدِيثُ عَلَى لَفْظِ إِبْرَاهِيمَ بْنِ الْحَسَنِ العلاف.
الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 448 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৪৪৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি দুই বা তিনজন মেয়ে অথবা দুই বা তিনজন বোনের দায়িত্বভার গ্রহণ করে, এই সময় পর্যন্ত যে, তাদের বিবাহ হয় অথবা তাদের রেখে মৃত্যুবরণ করে, তাহলে আমি ও সে ব্যক্তি জান্নাতে এভাবে থাকবো। (এই বলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মধ্যমা ও তার পাশের অঙ্গুলির দিয়ে ইশারা করেন।)[1]

হাদীসটি ইবরাহিম বিন হাসান আল আল্লাফ এর শব্দে বর্ণিত হয়েছে।

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كُنْتُ أَنَا وَهُوَ فِي الْجَنَّةِ كَهَاتَيْنِ) أَرَادَ بِهِ فِي الدُّخُولِ وَالسَّبْقِ لَا أَنَّ مَرْتَبَةَ مَنْ عَالَ ابْنَتَيْنِ أَوْ أُخْتَيْنِ فِي الْجَنَّةِ كَمَرْتَبَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سواء.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য, “তাহলে আমি

ও সে ব্যক্তি জান্নাতে এভাবে থাকবো” এর দ্বারা উদ্দেশ্য হলো জান্নাতে প্রবেশ ও অগ্রগামিতা; এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, যে ব্যক্তি দুইজন মেয়ে বা বোনকে প্রতিপালন করবে, জান্নাতে তার মর্যাদাগত স্তর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মর্যাদাগত স্তরের সমান হবে।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৪৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৫১; মুসনাদ আবী ইয়া'লা: ১/১৭০; সহীহ মুসলিম: ২৬৩১; তিরমিযী: ১৯১৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৬৮২; হাকিম: ৪/১৭৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৯৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88912

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন